কোভিড -19 মহামারী চলাকালীন ফাস্ট ট্র্যাক রেফারেল

'ফাস্ট ট্র্যাক' রেফারেল মানে কী?

একটি ফাস্ট ট্র্যাক রেফারেল তখন হয় যখন কোন জিপি'র এই উদ্বেগ থাকে যে কোনও রোগীর লক্ষণগুলি ক্যান্সারের দিকে নির্দেশ করছে।

তারা হাসপাতালে একটি রেফারেল করেন এবং একজন বিশেষজ্ঞকে দেখানোর জন্য অ্যাপয়েন্টমেন্টটি দুই সপ্তাহের মধ্যে অ্যারেঞ্জ করা হয়।

হাসপাতাল টেলিফোনের মাধ্যমে রোগীর সাথে অ্যাপয়েন্টমেন্ট বা কোনও পরীক্ষা করার প্রয়োজন হলে সময়সূচী নির্ধারণের জন্য যোগাযোগ করে।

কোভিড -19 মহামারীর সময়কালে ফাস্ট ট্র্যাক রেফারেলগুলি প্রয়োজনীয় তবে সেগুলি অন্যভাবে পরিচালিত হতে পারে তাই অনুগ্রহ করে এই তথ্যটি যত্ন সহকারে পড়ুন।

আপনি আপনার জিপির সাথে আপনার লক্ষণগুলি নিয়ে সম্প্রতি আলোচনা করেছেন। তারা মনে করেন আপনার লক্ষণগুলি যত তাড়াতাড়ি সম্ভব হাসপাতালের বিশেষজ্ঞের দ্বারা তদন্ত করা উচিত যাতে কারণটি দ্রুত সনাক্ত করা যায়।

তারা উদ্বিগ্ন যে আপনার লক্ষণগুলি ক্যান্সারের নির্দেশ দিতে পারে কিন্তু এর অর্থ এই নয় যে আপনার ক্যান্সার হয়েছে। আপনার লক্ষণগুলি বেশ কয়েকটি সাধারণ কারণের জন্যেও হতে পারে।

একটি ফাস্ট ট্র্যাক রেফারেল থেকে আপনি কী আশা করতে পারেন?

একটি বিশেষজ্ঞের সাথে অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করার জন্য হাসপাতাল আপনাকে টেলিফোন করবে। কোভিড-19 মহামারী চলাকালীন, এই কলটি সাধারণত প্রত্যাশিত হিসাবে দুই দিনের মধ্যে নাও করা হতে পারে।

অজানা নম্বর থেকে টেলিফোন কল গ্রহণ করতে ভুলবেননা এবং আপনার জিপি'র কাছে আপনার সঠিক ঠিকানা, ইমেল অ্যাড্রেস এবং টেলিফোন নম্বর, যে কোনও মোবাইল নম্বর সহ, আছে তা নিশ্চিত করে নিন।

আপনার রেফারেলের এক সপ্তাহের মধ্যে যদি হাসপাতাল থেকে আপনাকে যোগাযোগ না করা হয়, তাহলে অনুগ্রহ করে আপনাকে যে হাসপাতালে রেফার করা হয়েছে সেখানে টেলিফোন করুন।

হাসপাতাল

টেলিফোন নম্বর

হাসপাতালের সাথে প্রথমবার যোগাযোগের সময় কী হবে?

হাসপাতালের সাথে আপনার প্রথম যোগাযোগের সময়, পরবর্তী পদক্ষেপগুলি আপনার সাথে আলোচনা করা হবে।

এটি আপনার প্রয়োজন হতে পারে এমন কোনও পরীক্ষার তথ্য কভার করতে পারে এবং সেগুলির সময়সূচী অন্তর্ভুক্ত করবে।

বিশেষজ্ঞের মনে হতে পারে যে আপনার কোনও পরীক্ষার জন্য হাসপাতালে যাওয়ার প্রয়োজন আছে বা তারা সিদ্ধান্ত নিতে পারেন যে এটা বিলম্ব করা আরও উপযুক্ত - সিদ্ধান্তটি আপনার সামগ্রিক সুরক্ষা এবং স্বাস্থ্যের কথা বিবেচনা করে নেওয়া হবে।

যদি বিশেষজ্ঞের সাথে অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করা হয়, তাহলে এটি টেলিফোন কল বা অনলাইন অ্যাপয়েন্টমেন্ট হতে পারে (যদি হাসপাতালের ভার্চুয়াল পরামর্শ দেওয়া হয়)। আপনি যদি কোনও টেলিফোন কল বা অনলাইন অ্যাপয়েন্টমেন্ট পরিচালনা করতে অক্ষম হন তাহলে সেটা আপনার জিপিকে জানিয়ে রাখুন।

হাসপাতালে বিশেষজ্ঞের সাথে দেখা করার জন্য আপনাকে অ্যাপয়েন্টমেন্টের অফার দেওয়া হতে পারে যদি সিদ্ধান্ত নেওয়া হয় যে আপনাকে ব্যক্তিগতভাবে দেখা উচিত।

হাসপাতাল আপনাকে আপনার অ্যাপয়েন্টমেন্ট বা কোনও প্রাথমিক পরীক্ষার নিশ্চয়তা প্রেরণ করবে।

আপনি যদি এই তথ্যটি না পান বা আপনার আরও কিছু প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে যে জিপি আপনাকে রেফার করেছেন তার সাথে যোগাযোগ করুন।

আপনার টেস্ট করার প্রয়োজন আছে তার সিদ্ধান্ত কীভাবে নেওয়া হয়?

বিশেষজ্ঞ কে আপনার লক্ষণগুলির কারণ বুঝতে সাহায্য করার জন্য, অ্যাপয়েন্টমেন্টের পূর্বে আপনার পরীক্ষা করার প্রয়োজন হতে পারে। আপনার কী পরীক্ষা করা উচিত সেই বিষয়ে হাসপাতাল আপনাকে পরামর্শ দেবে এবং আপনার জন্য পরীক্ষার ব্যবস্থা করে দেবে।

এটি কেবলমাত্র আপনার অ্যাপয়েন্টমেন্টের সময়ই হতে পারে যে বিশেষজ্ঞ সিদ্ধান্ত নেন যে আপনার পরীক্ষা করা উচিত এবং এগুলির করার ব্যবস্থা পরে করা হবে।

আপনার অ্যাপয়েন্টমেন্ট যদি হাসপাতালে থাকে, তাহলে আপনি সেখানে থাকাকালীন কোনও পরীক্ষার ব্যবস্থা করা যেতে পারে।

একটি টেলিফোন অ্যাপয়েন্টমেন্ট থেকে আপনি কী আশা করতে পারেন?

আপনাকে একটি তারিখ এবং সময় দেওয়া হবে যখন বিশেষজ্ঞ আপনাকে টেলিফোন করবেন।

মনে রাখবেন, এটি একটি আনুষ্ঠানিক অ্যাপয়েন্টমেন্ট এবং আপনার জন্য একটি সময় বরাদ্দ থাকবে তাই বিশেষজ্ঞের সাথে কথা বলার জন্য আপনি উপলব্ধ থাকবেন তা নিশ্চিত করুন।

NHS

অনলাইন অ্যাপয়েন্টমেন্ট থেকে আপনি কী আশা করতে পারেন?

আপনার যদি আগে কোনও অনলাইন অ্যাপয়েন্টমেন্ট না হয়ে থাকে, আপনি আপনার হাসপাতালের ওয়েবসাইটে গাইডেন্স এবং তথ্য পাবেন। ওয়েবসাইটের হোম পেজে অ্যাটেন্ড এনিহোয়্যার অথবা ভিডিও কন্সালটেশন বা ক্লিনিকগুলি দেখার চেষ্টা করুন।

আপনাকে একটি তারিখ এবং সময় দেওয়া থাকবে। অ্যাপয়েন্টমেন্টের দিন আপনাকে হাসপাতালের ওয়েবসাইটে অনলাইনে যেতে হবে বা আপনার অ্যাপয়েন্টমেন্টের নিশ্চয়তার জন্য আপনাকে প্রদত্ত লিঙ্কটিতে প্রবেশ করাতে হবে।

আপনি কোথায় বসতে চান, আপনি কম্পিউটার, ল্যাপটপ, ট্যাবলেট না স্মার্টফোন ব্যবহার করতে চান সেটা ঠিক করতে এবং সেগুলি যে ঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করতে পর্যাপ্ত সময় নিয়ে প্রস্তুতি নিন।

আপনার অ্যাপয়েন্টমেন্টের জন্য আপনার ভাল একটি অনলাইন সংযোগ থাকবে কিনা তা নিশ্চিত করতে অ্যাটেন্ড এনিহোয়্যার আপনাকে বিভিন্ন চেকের মাধ্যমে গাইড করবে।

আপনি একটি ভার্চুয়াল ওয়েটিং রুমে প্রবেশ করবেন এবং বিশেষজ্ঞ আপনার সাথে যোগ দেবেন।

মনে রাখবেন, এটি একটি আনুষ্ঠানিক অ্যাপয়েন্টমেন্ট, এবং আপনার জন্য একটি সময় বরাদ্দ থাকবে তাই বিশেষজ্ঞের সাথে কথা বলার জন্য আপনি উপলব্ধ থাকবেন তা নিশ্চিত করুন।

আপনার অ্যাপয়েন্টমেন্টের জন্য যদি আপনাকে হাসপাতালে যেতে হয় তাহলে আপনি কী আশা করতে পারেন?

আপনার অ্যাপয়েন্টমেন্ট আপনার মেন হাসপাতালে বা কোনও স্থানীয় বেসরকারী হাসপাতালে থাকতে পারে।

এটা বোঝা যায় যে আপনি এমন কোনও হাসপাতালে যাওয়ার বিষয়ে উদ্বিগ্ন হবেন যেখানে কোভিড -19 রোগীদের চিকিৎসা করা হচ্ছে।

অনুগ্রহ করে আশ্বাস রাখুন যে আপনার নিরাপত্তা এবং যে কর্মীদের সাথে আপনি সংযোগ করবেন তাদের সুরক্ষা অগ্রাধিকার পাবে। হাসপাতালের অঞ্চলগুলি পৃথক রাখা হয়েছে এবং যত্ন সহকারে আপনার সুরক্ষার কথা মাথায় রেখে পরিচালিত করা হয়।

অপেক্ষার ঝুঁকির তুলনায় আপনার জিপি আপনার হাসপাতালে যাওয়ার ঝুঁকিগুলি বিবেচনা করেছেন। বিলম্বের ফলে আপনার স্বাস্থ্যের যে কোনও অতিরিক্ত ঝুঁকি কমাতে আপনার অ্যাপয়েন্টমেন্টটিতে উপস্থিত হওয়া গুরুত্বপূর্ণ।

আপনার যদি হাসপাতালে অ্যাপয়েন্টমেন্ট থাকে এবং আপনি অসুস্থ হয়ে পড়েন তাহলে কী হবে?

আপনার অ্যাপয়েন্টমেন্টের আগে জ্বর বা নতুন ক্রমাগত কাশি সহ যদি আপনার কোভিড -19 এর কোনও লক্ষণ বিকশিত হয়, বা যদি পরিবারের কোনও সদস্য অসুস্থ হওয়ার কারণে আপনাকে নিজেকে সেল্ফ-আইসোলেট করতে হয়, তাহলে অনুগ্রহ করে

হাসপাতালে যোগাযোগ করুন,তাদের জানানোর জন্য।

প্রথমে তাদের সাথে কথা না বলে হাসপাতালে বা আপনার অ্যাপয়েন্টমেন্টে যাবেন না।

আপনার সুরক্ষা এবং এনএইচএস কর্মীদের সুরক্ষা অগ্রাধিকার।

আপনি যদি আপনার অ্যাপয়েন্টমেন্ট বাতিল করেন তাহলে কি হবে?

আপনার জিপি মনে করেন যে আপনার লক্ষণগুলির যত তাড়াতাড়ি সম্ভব তদন্ত করা দরকার, তাই এই অ্যাপয়েন্টমেন্টটি করার সময় নির্ধারনে আপনার ফ্লেক্সিবেল হওয়া গুরুত্বপুর্ন।

আপনার দেওয়া প্রথম অ্যাপয়েন্টমেন্টটিতে অংশ নেওয়ার জন্য আপনার যথাসাধ্য চেষ্টা করা উচিত।

সে আপনার অ্যাপয়েন্টমেন্টটি টেলিফোনেই হোক, অনলাইনে হোক বা হাসপাতালে, আপনি যদি এটিতে উপস্থিত না হতে পারেন তাহলে হাসপাতালের সাথে আগেই যোগাযোগ করুন যাতে আপনার জন্য বিকল্প ব্যবস্থা করা যেতে পারে এবং এই সময়ের স্লটটি অন্য কাউকে দেওয়া যেতে পারে।

আপনার যদি হাসপাতালে যেতে সাহায্যের প্রয়োজন হয় তাহলে কি হবে?

আপনি যদি নিজের পরিবহণ চালনা বা ব্যবস্থা করতে না পারেন, বা গণপরিবহন সীমাবদ্ধ হয়, আপনি রোগী অ্যাম্বুলেন্স পরিবহন পরিষেবাটি ব্যবহার করতে সক্ষম হতে পারেন।

যদি এটির ব্যবস্থা করার প্রয়োজন হয় তাহলে যত তাড়াতাড়ি সম্ভব আপনার জিপি প্র্যাক্টিসে রিসেপশনিস্টের সাথে কথা কথা বলুন।

আমি কি আমার সঙ্গে কাউকে নিয়ে যেতে পারি?

আপনি অন্য কাউকে আপনার সাথে নিয়ে যেতে পারেন কিনা তা জানতে অনুগ্রহ করে হাসপাতালের সাথে যোগাযোগ করুন।

যদি আপনি পারেন, তাহলে সাধারণত তাদের বাইরে অপেক্ষা করতে বলা হতে পারে।

অ্যাপয়েন্টমেন্টের জন্য আপনাকে কীভাবে প্রস্তুতি নেওয়া উচিত?

আপনার অ্যাপয়েন্টমেন্টের সময় আপনি যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে চান সেগুলি আগেই লিখে রাখলে আপনার সুবিধা হতে পারে এবং সেগুলির উল্লেখ করার জন্য আপনার সাথে রাখুন।

বিশেষজ্ঞ আপনাকে প্রচুর তথ্য দেবেন, কলম এবং কাগজ নিয়ে সেগুলি লিখে নেওয়ার জন্য প্রস্তুত থাকবেন। আপনার যদি সমস্ত কিছু লিখতে অসুবিধা হবে, বিশেষত এটি টেলিফোন বা অনলাইন অ্যাপয়েন্টমেন্ট হলে, আপনার পরিবারের কাউকে আপনার জন্য এগুলি লিখে নেওয়ার জন্য সাথে রাখুন।

আপনার অ্যাপয়েন্টমেন্ট যদি হাসপাতালে থাকে, মনে রাখবেন যে আপনাকে সাহায্যের জন্য অন্য একজনকে আপনি সঙ্গে নিতে পারেন এবং আপনার অ্যাপয়েন্টমেন্টের নিশ্চিতকরণ পত্রটি আপনার সাথে নিতে ভুলবেন না।